১%৭৭

আজকের কাগজ

তারিখ ... 06 JUL 1993

পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

# সাভার কলেজ কেন্দ্রে পরিদর্শকরা চরম নিরাপত্তাহীনতার মধ্যে দায়িত্ব পালন করছেন

চলতি এইচএসসি পরীক্ষার বাংলা ২য় পত্রের দিন সাভার কলেজ কেন্দ্রে কলেজ ছাত্র সংসদের মহিলা সম্পাদিকা নকল করার দায়ে কলেজের জনৈক প্রভাষক কর্তৃক বহিষ্কৃত হয়। বহিষ্কারের পরে উক্ত মহিলা সম্পাদিকা টিএনও, তিনজন ম্যাজিস্ট্রেট, ওসি ও কলেজ কর্তৃপক্ষের সামনেই অশ্লীল এবং অকথ্য ভাষায় ঐ প্রভাষককে গালি দেয় এবং জীবননাশের হুমকি প্রদান করে। গত ২৪ জুন অর্থনীতি পরীক্ষার দিন জনৈক প্রভাষক কর্তৃক সাভার থানার সাব-ইন্সপেক্টরের ছোট বোন নকলের দায়ে বহিষ্কৃত হয়। পরবর্তীতে অনেকের কাছে উক্ত সাব ইন্সপেক্টর ক্ষোভ প্রকাশ করেন যে, ঐ অধ্যাপককে তিনি দেখে ছাড়বেন। এরপর গত ২৯ জুন পরিদর্শকের দায়িত্ব পালন করে বাড়ি ফেরার পথে সাভার থানা বাসস্ট্যান্ডে প্রভাষক আসাদুজ্জামান বহিষ্কৃত ছাত্র ইকবাল মাহমুদ কর্তৃক প্রহৃত হয়। এ ব্যাপারে সাভার থানায় একটি মামলা দায়ের করা হয়। কিন্তু আজ পর্যন্ত আসামী গ্রেফতার হয়নি। জানা যায়, এই আসামী গ্রেফতার না হওয়ার পেছনেও উক্ত পুলিশ অফিসারের প্রভাব রয়েছে। এমতাবস্থায় সাভার কলেজ কেন্দ্রের পরিদর্শকরা মারাত্মক নিরাপত্তাহীনতার মধ্যে পরীক্ষার দায়িত্ব পালন করে যাচ্ছেন। সাভার থেকে সংবাদদাতা।